

ঢাকায় চলছে ১৬তম ডেনিম এক্সপো

- A Monitor Desk Report

Date: 07 May, 2024



ঢাকা: রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরাতে সোমবার (৬ মে) থেকে শুরু হয়েছে দুই দিনব্যাপী ডেনিম শিল্পের অন্যতম বৃহৎ আন্তর্জাতিক প্রদর্শনী 'বাংলাদেশ ডেনিম এক্সপো' এর ১৬তম আসর।

এবারের সংস্করণে আগত দর্শনার্থীদের জন্য ডেনিম শিল্পের বিভিন্ন দিক বিশেষ করে ফ্যাশন এবং সাসটেইনেবিলিটি সম্পর্কে জানার সুযোগ থাকবে।

দুই দিনব্যাপী এ প্রদর্শনীতে বাংলাদেশ, ভারত, চীন, পাকিস্তান, তুরস্ক, ইতালি, ফ্রান্স, স্পেন, সুইজারল্যান্ড, ভিয়েতনাম, জাপানসহ ১১টি দেশের ৬০টিরও বেশি প্রতিষ্ঠান অংশগ্রহণ করেছে।

'রিইমাজিন'বা ডেনিম শিল্পকে নতুন করে ভেবে দেখা শীর্ষক প্রতিপাদ্য নিয়ে অনুষ্ঠিত হচ্ছে এবারের ডেনিম এক্সপো।

আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, মেলায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো টেকসই বস্ত্র থেকে শুরু করে এ শিল্পে ব্যবহৃত অত্যাধুনিক প্রযুক্তি, যন্ত্রপাতি ও উদ্ভাবনসমূহ প্রদর্শনের মাধ্যমে এ শিল্পের বৈচিত্র্যময় দিকসমূহ তুলে ধরেছে। নিরন্তর উদ্ভাবন এবং ডিজিটালাইজেশনের মাধ্যমে প্রযুক্তির শক্তিকে কাজে লাগিয়ে এবং প্রগতিশীল চিন্তাভাবনা নিয়ে সবাই একত্রে ডেনিম শিল্পে যে সমৃদ্ধ সম্ভব, এ বিষয়টি তুলা ধরা হবে ডেনিম এক্সপোতে। বাংলাদেশ ডেনিম এক্সপোতে পণ্য প্রদর্শনীর পাশাপাশি চারটি আলোচনা সভা ও দুইটি 'ট্রেন্ড সেমিনার' অনুষ্ঠিত হবে।

প্রদর্শনীর প্রথম দিনে দুইটি প্যানেল আলোচনা সভা ও একটি ট্রেন্ড সেমিনার থাকবে। প্রথম দিন ডেনিম শিল্প নিয়ে যুগান্তকারী ও নতুন ভাবনাসমূহ ও ডেনিম শিল্পে ডিজিটাল প্রযুক্তির ব্যবহার ও শিল্পের প্রস্তুতি শীর্ষক দুইটি সেমিনার অনুষ্ঠিত হবে। তাছাড়া ডেনিম শিল্পে কাপড় থেকে শুরু করে ডেনিম পণ্য উৎপাদনে উদ্ভাবন, ও প্রযুক্তি নিয়ে একটি ট্রেন্ড সেমিনার অনুষ্ঠিত হবে।

এক্সপো'র দ্বিতীয় দিনে পোশাক শিল্পে পানির ব্যবহার এবং দ্বিতীয় প্রজন্মের পোশাক উদ্যোক্তাদের চোখে ডেনিম শিল্প শীর্ষক দুইটি সেমিনার অনুষ্ঠিত হবে। পাশাপাশি অনুষ্ঠিত হবে ট্রেন্ড সেমিনার যেখানের আলোচকরা বাংলাদেশের পোশাক শিল্পে ডেনিম পণ্য উন্নয়ন সম্পর্কে আলোচনা করবেন। সেমিনারে এ শিল্প সংশিষ্ট আন্তর্জাতিক বিশেষজ্ঞগণ তাদের মতামত তুলে ধরবেন।

বাংলাদেশ ডেনিম এক্সপোর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের মন্ত্রী জাহাজীর কবির নানক।

বাংলাদেশে ডেনিম এক্সপোর ট্রেন্ড জোনে থাকছে বিভিন্ন উদ্ভাবনী ডেনিম পণ্যের প্রদর্শনী। আগত দর্শনার্থীরা ডেনিম পণ্যের হাল আমলের 'ফ্যাশন ট্রেন্ড'ছাড়াও বাংলাদেশের আগামী দিনের ডেনিম পণ্য, বৈচিত্র্যময় ডিজাইন ও উদ্ভাবন সম্পর্কে জানার সুযোগ পাবেন, যা আগামী দিনে ডেনিম জগতে প্রতিযোগিতায় এগিয়ে থাকতে সহায়ক হবে।

বাংলাদেশ অ্যাপারেল এক্সচেঞ্জের প্রধান নির্বাহী মোস্তাফিজ উদ্দিন বলেন, ডেনিম জগতের সর্বাধুনিক ফ্যাশন ট্রেন্ডসহ এ শিল্পের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে অধিকতর জানার, এ শিল্পের গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও ব্যক্তিদের সাথে পারস্পরিক ব্যবসায়িক সংযোগ স্থাপন করার, এবং সর্বোপরি আপনার ব্যবসাকে নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার এক সীমাহীন সুযোগ তৈরি করেছে বাংলাদেশ ডেনিম এক্সপো।

-B